

পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটি
২৬ বি দিলখুশা স্ট্রীট, কলকাতা- ৭০০ ০১৭
বিশেষ ঘোষণা

২০১৯ র হাজী সাহেবদের ট্রেনিং এর জন্য ট্রেনার ও খাদিমুল হুজ্জাজের আবেদন পত্র জমা নেওয়া হচ্ছে।

ট্রেনার হওয়ার জন্য নিম্নলিখিত যোগ্যতাবলী থাকা আবশ্যিক :-

- ১) অবশ্যই হাজী হতে হবে, ৫ বছরের মধ্যে যারা হজ করেছেন তাঁহারা অগ্রাধিকার পাবেন।
- ২) ইংরাজীতে দক্ষ থাকতে হবে।
- ৩) বাংলা / উর্দু ভাষাতে সাবলীল হতে হবে।
- ৪) কোর্ট কেস থাকলে নিবার্চিত হবেন না।
- ৫) বয়স : ৫৮ বছরের নীচে হতে হবে।
- ৬) ট্রেনার কে মানসিক ও শারীরিক ভাবে প্রস্তুত থাকতে হবে হাজীদের কে ট্রেনিং দেওয়ার জন্য
- ৭) ইসলামিক জ্ঞান বিশেষ করে হজ্জ ও উমরাহ সম্পর্কে সম্যক ধারণা থাকা চাই।
- ৮) বহু সংখ্যক হাজীদের সামনে সঠিকভাবে ট্রেনিং দেওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে।
- ৯) কম্পিউটারে দক্ষতা থাকা চাই এবং ইমেল ও হোয়াটস্যাপ করা ও পড়ার দক্ষতা চাই।
- ১০) আবেদনকারীর বয়স অবশ্যই ২৫-৫৮ বছরের মধ্যে হতে হবে।

খাদিমুল হুজ্জাজ হওয়ার জন্য নিম্নলিখিত যোগ্যতাবলী থাকা আবশ্যিক :-

- ১) পুরুষ/মহিলা আবেদনকারীর বয়স অবশ্যই ২৫-৫৮ বছরের মধ্যে হতে হবে।
- ২) যাঁহারা হজ্জ বা উমরাহ করেছেন কেবল মাত্র তাঁহরাই আবেদন করতে পারবেন। এ ছাড়া হজ্জ ও উমরাহ সম্পর্কে সম্যক ধারণা থাকা চাই।
- ৩) আরবি ভাষাতে জ্ঞান থাকা চাই।
- ৪) আবেদনকারীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে ও সাংগঠনিক দক্ষতা থাকা চাই। আবেদনকারীকে স্বাস্থ্য সংক্রান্ত সার্টিফিকেট সরকারি হাসপাতাল থেকে দাখিল করতে হবে। অবৈধ সার্টিফিকেট শাস্তি যোগ্য।
- ৫) নির্বাচিত খাদিমুল হুজ্জাজকে অবশ্যই হজ কমিটি অফ ইন্ডিয়ায় দেওয়া ট্রেনিং প্রোগ্রামে হাজির থাকতে হবে।
- ৬) আবেদনকারীকে অবশ্যই Employees of Government/Public Sector Units/Statutory bodies হতে হবে। Temporary/Part time/ Seasonal/ Contractual/ Ad-hoc basis কর্মচারীগন বিবেচিত হবেন না। সিনিয়র অফিসার যেমন কেন্দ্র ও রাজ্য সরকারের ক্লাস-এ অফিসার বা সমতুল্য কর্মচারীগন আবেদন করতে পারবেন না।
- ৭) আবেদনকারীকে অবশ্যই দপতর থেকে এন ও সি (N.O.C) জমা দিতে হবে।
- ৮) খাদিমুল হুজ্জাজের সঙ্গে পরিবারের কোন সদস্য হজের সময় যেতে পারবেন না।
- ৯) খাদিমুল হুজ্জাজের সঙ্গে মোয়াজ্জেমের কোন সম্পর্ক রাখা যাবেনা।
- ১০) খাদিমুল হুজ্জাজ কোন হাজি-র থেকে সেবার জন্য কোন প্রকার অর্থ নিতে পারবেন না।

১১) আবেদনকারির বৈধ আন্তর্জাতিক পাসপোর্ট থাকা আবশ্যিক। পাসপোর্টের ইস্যু ডেট ১৪ই জানুয়ারি, ২০১৯ পর্যন্ত ও বৈধতা ৩১শে জানুয়ারি, ২০২০ হওয়া চাই।

আবেদনের প্রিন্টেড হার্ড কপি ১১/০১/২০১৯ তারিখের মধ্যে মদিনাতুল হুজ্জাজ, রাজারহাট, /হজ হাউস, পার্ক সার্কাসে অথবা জেলা সংখ্যালঘু দপ্তরে জমা দিন। এছাড়া ইন্টারভিউয়ের সময় হাতে হাতেও আনতে পারেন।

যোগ্য ট্রেনার আবেদনকারীর সাক্ষাৎকার হবে ১৪/০১/২০১৯ তারিখে বেলা ১০ টা থেকে দুপুর ১২টা সকাল ৯ টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে উপস্থিত হতে হবে।

যোগ্য খাদিমুল হুজ্জাজ আবেদনকারীর সাক্ষাৎকার হবে ১৪/০১/২০১৯ তারিখে বেলা ১টা ৩০ মিনিটে থেকে বিকাল ৪ টা ৩০ পর্যন্ত। দুপুর ১২ টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে উপস্থিত হতে হবে।

ইন্টারভিউয়ের স্থান : হজ হাউস, ২৬ বি দিলখুসা স্ট্রীট, পার্ক সার্কাস, কলিকাতা - ৭০০০১৭

দরখাস্ত অনলাইনে www.hajcommittee.gov.in এ করতে হবে। যোগ্যতাবলী বা অন্যান্য বিষয় জানতে উক্ত ওয়েব সাইট/ www.wbhaj.com ভিজিট করুন। অথবা যোগাযোগ করুন মদিনাতুল হুজ্জাজ, রাজারহাট, /হজ হাউস, পার্ক সার্কাস/ জেলা সংখ্যালঘু দপ্তরে।

সেখ রাকিবুর রহমান,
কার্যনিবাহী আধিকারিক, পঃ বঃ রাজ্য হজ্ব কমিটি

নাদিমুল হক, সাংসদ, রাজ্যসভা
চেয়ারম্যান, পঃ বঃ রাজ্য হজ্ব কমিটি